



বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর

৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০

☎: +৮৮-০২-৯৩৩৩৬৫১ ☎: +৮৮-০২-৯৩৪২২২৬ www.scouts.gov.bd



পত্র নং- বাঃ কাঃ (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য)/১১৪(৬০০)/২০২১

তারিখঃ

২৭ শ্রাবণ ১৪২৮


১৬ আগস্ট ২০২১

পরিপত্র

চলমান করোনা পরিস্থিতি অবনতির প্রেক্ষিতে দেশে কঠোর লকডাউন জারী এবং স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালনায় দেশব্যাপী গণটিকা প্রদান কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। দেশের কোনো কোনো এলাকায় স্কাউট/রোভার স্কাউট ও স্কাউট নেতৃত্বদ টিকাদান কর্মসূচিতে স্থানীয় প্রশাসন এবং স্বাস্থ্য বিভাগের কার্যক্রমে সহযোগিতা প্রদান করছে। এছাড়াও মাস্ক পরিধানে জনসচেতনতা তৈরি ও মাস্ক বিতরণে সহযোগিতা প্রদান করছে, যা প্রশংসার দাবী রাখে। উল্লেখ্য যে, এ সকল কার্যক্রমে সহযোগিতা প্রদানকালে মাঝে মাঝে স্কাউট/রোভার স্কাউটেরা পরিপূর্ণ ইউনিফর্ম পরিধান এবং যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করছে না। এছাড়াও অনেকেই করোনাকালীন করণীয় ও স্বাস্থ্যবিধি সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞানার্জন এবং টিকাদান কর্মসূচি সম্পর্কে সঠিক তথ্য না জেনে বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সাক্ষাৎকার দিচ্ছেন। ফেসবুক লাইভ প্রচার করছেন এবং ছবি/ভিডিও আপলোড করছে। ফলশ্রুতিতে, স্কাউটিং সম্পর্কে জনমনে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। পাশাপাশি করোনাব্যোম্বা হিসেবে স্কাউটদের এসব কাজ প্রেল্লের সম্মুখীন হচ্ছে। এমতাবস্থায়, স্কাউট/রোভার স্কাউটেরা টিকাদান কর্মসূচিতে স্থানীয় প্রশাসন এবং স্বাস্থ্য বিভাগের কার্যক্রমে সহযোগিতা প্রদান, বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সাক্ষাৎকার প্রদান ইত্যাদি কার্যক্রমে অংশগ্রহণ করার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলোর প্রতি লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো :

- ১। টিকাদান কার্যক্রমে সহযোগিতা প্রদানের ক্ষেত্রে স্থানীয় প্রশাসন/স্বাস্থ্য বিভাগের যথাযথ অনুমোদন নিয়ে কাজ করা;
- ২। করোনাকালীন যে কোনো কর্মকাণ্ডে অংশগ্রহণের সময় পরিপূর্ণ ইউনিফর্ম পরিধান নিশ্চিত করা;
- ৩। পরিপূর্ণভাবে স্বাস্থ্যবিধি মেনে কাজে অংশগ্রহণ করা এবং অন্যদেরকেও স্বাস্থ্যবিধি মেনে চলতে উৎসাহিত করা;
- ৪। টিকাদান কর্মসূচিতে সহযোগিতা প্রদান/মাস্ক পরিধানে জনসচেতনতা তৈরি ও মাস্ক বিতরণে সহযোগিতা প্রদানসহ যে কোনো কর্মকাণ্ডে অংশগ্রহণের পূর্বে বিষয়টি সম্পর্কে সুস্পষ্ট তথ্য সম্পর্কে নিশ্চিত হয়ে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সাক্ষাৎকার প্রদান করা এবং ফেসবুক লাইভে ভিডিও প্রচার করা;
- ৫। সাক্ষাৎকার প্রদান এবং ফেসবুক লাইভে প্রচার/ভিডিও আপলোড ইত্যাদি করার পূর্বে সংশ্লিষ্ট উপজেলা স্কাউটস/জেলা স্কাউটস/জেলা রোভার এর অনুমোদন গ্রহণের বিষয়টি নিশ্চিত করা।

বর্ণিত বিষয়গুলো যথাযথভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ বিষয়ে যে কোনো প্রয়োজনে। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), জনাব মোহাম্মদ শাহীন রাজু, মোবাইল: ০১৯৭০-৯৩৬৩৭৩ অথবা বাংলাদেশ স্কাউটস এর পরিচালক, (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা, মোবাইল: ০১৭১১-৯৪৫৪৩৬ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।


(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস।

বিতরণ: কার্যার্থে :

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার/নৌ জেলা/এয়ার জেলা;
- ২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ২। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, সকল, বাংলাদেশ স্কাউটস।

সদয় জ্ঞাতার্থে :

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- ২। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৩। বিভাগীয় কমিশনার (সকল) ও পৃষ্ঠপোষক, বাংলাদেশ স্কাউটস, প্রশাসিনক অঞ্চল, সকল;
- ৪। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৫। জেলা প্রশাসক (সকল) ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার;
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা।